গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

স্মারক নং-৫১.০১.৯০১৮.০০০.৪২.০০৬.২৫- ৩৫৭ তারিখ: /০৯/২০২৫ খ্রি:

**বিষয়: ২০২৫-২০২৬ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) সাধারণ কর্মসূচির আওতায় উপজেলাভিত্তিক নগদ অর্থ (টাকা), খাদ্যশস্য (চাল ও গম) এর বরাদ্দের প্রকল্প তালিকা দাখিল প্রসঙ্গে।**

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং-৫১.০১.০০০০.০১১.১৪.০০২.২৫-১২৬ তারিখঃ ০২/০৯/২০২৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলাভিত্তিক নগদ অর্থ - ১,৩২,৮৮,৩৪৬.২৬ (টাকা) ও খাদ্যশস্য -৭৯.২০২১ মেঃটন (চাল) এবং ৭৯.২০২১ মেঃটন (গম) বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দ হতে নগদ অর্থ এবং খাদ্যশস্য (চাল ও গম) গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির সর্বশেষ জারিকৃত পরিপত্র অনুযায়ী উপজেলা পরিষদ প্রকল্প রিজার্ভ রেখে ইউনিয়নের আয়তন ও জনসংখ্যা ভিত্তিতে ০৫টি ইউনিয়নে বিভাজন করা হয়। বিভাজনকৃত নগদ অর্থ ও খাদ্যশস্য দ্বারা প্রকল্পের কাজ বাস্তবায়নের নিমিত্ত ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণীসহ উপজেলা কমিটিতে আগামী ১৫/০৯/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় (দুর্যোগ ব্যবস্থাপনা শাখায়) প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০২। ২০২৫-২০২৬ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা) কর্মসূচির আওতায় উপজেলাভিত্তিক নগদ অর্থ (টাকা) এবং খাদ্যশস্য (চাল ও গম) বরাদ্দ ও বিভাজন নিম্নরূপ :

| ইউনিয়ন | নগদ অর্থ (মোট টাকা) | খাদ্যশস্য (চাল) মে.টন | খাদ্যশস্য (গম) মে.টন |
|---|---|---|---|
| উপজেলা কমিটি কর্তৃক সরাসরি প্রকল্প গ্রহণ | ২৬,৫৭,৬৬৯/২৬ | ১৫.৮৪০ | ১৫.৮৪০ |
| পলাশ | ১৮,৯৪,৫৬৮/৪৫ | ১১.২৯০ | ১১.২৯০ |
| সলুকাবাদ | ২৬,৪০,৮২৪/৫৩ | ১৫.৭৪০ | ১৫.৭৪০ |
| ধনপুর | ২৪,৭৩,৪০৫/৫১ | ১৪.৭৪০ | ১৪.৭৪০ |
| বাদাঘাট (দঃ) | ১৭,৮৭,৭৫০.৯৬ | ১০.৬৬০ | ১০.৬৬০ |
| ফতেপুর | ১৮,৩৪,১২৭/৫৪ | ১০.৯৩০ | ১০.৯৩০ |
| মোট= | ১,৩২,৮৮,৩৪৬/২৬ | ৭৯.২০২ | ৭৯.২০২ |

শর্তসমূহঃ

১. এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ যথাযথভাবে অনুসরণ করতে হবে;

২. এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ এর অনুচ্ছেদ-৩, ৪ ও ৫ যথাযথভাবে অনুসরণ করতে হবে;

৩. প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা, যাতে কর্মত্তোর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে;

৪. নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫. মাটির কাজের প্রকল্পের অংশ হিসাবে প্রয়োজনে HBB (ইটের রাস্তা নির্মাণ)/CC (সিমেন্ট কংক্রিট) রোড করণের জন্য প্রকল্প গ্রহণ করা যাবে।

৬. মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্পের আওতায় ব্রীজ/কালভার্ট/অবকাঠামো প্রভৃতির সাথে সম্পৃক্ত কার্যক্রমকে অগ্রাধিকার দিতে হবে।

০৪/০৯/২৫
(মেরিনা দেবনাথ)
উপজেলা নির্বাহী অফিসার
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

চেয়ারম্যান(সকল)..................................ইউপি
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

Bishwamvarpur Sylhet Division 10 Sept 2025, 11:54

CamScanner

তারিখ: ০৪/০৯/২০২৫ খ্রিঃ

স্মারক নং-৫১.০১.৯০১৮.০০০.৪২.০০৬.২৫- ৫৮৭

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০২। প্রশাসক, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
০৩। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সুনামগঞ্জ।
০৪। অফিস কপি।

০৪-০৯-২০২৫
(মোঃ আবু হাসনাত সরকার)
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (অ:দা:)
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

Bishwamvarpur Sylhet Division 10 Sept 2025, 11:54

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

স্মারক নং-৫১.০১.৯০১৮.০০০.৪২.০০৬.২৫- ৫৮৬ তারিখ: ০৪/০৯/২০২৫ খ্রি:

**বিষয়: ২০২৫-২০২৬ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) সাধারণ কর্মসূচির আওতায় উপজেলাওয়ারী নগদ অর্থ বরাদ্দের প্রকল্প তালিকা দাখিল প্রসঙ্গে।**

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং-৫১.০১.০০০০.০১১.১৪.০০৪.২৫-৮৫ তারিখঃ ০১/০৯/২০২৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় উপজেলাওয়ারী নগদ অর্থ – ১,১৩,১৬,৯৪৭/- (টাকা) বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দ হতে নগদ অর্থ গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির সর্বশেষ জারিকৃত পরিপত্র অনুযায়ী উপজেলা পরিষদ ২০% রিজার্ভ রেখে ইউনিয়নের আয়তন ও জনসংখ্যা ভিত্তিতে ০৫টি ইউনিয়নে বিভাজন করা হয়। বিভাজনকৃত নগদ অর্থ দ্বারা প্রকল্পের কাজ বাস্তবায়নের নিমিত্ত ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণীসহ উপজেলা কমিটিতে আগামী ১৫/০৯/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় (দুর্যোগ ব্যবস্থাপনা শাখায়) প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০২। ২০২৫-২০২৬ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় উপজেলাওয়ারী নগদ অর্থ (টাকা) বরাদ্দ ও বিভাজন নিম্নরূপ :

| ইউনিয়ন | নগদ অর্থ (মোট টাকা) |
|---|---|
| উপজেলা কমিটি কর্তৃক সরাসরি প্রকল্প গ্রহণ | ২২,৬৩,৩৮৯/৪০ |
| পলাশ | ১৬,১৩,৪৯৮/৮০ |
| সলুকাবাদ | ২২,৪৯,০৪৩/৬৯ |
| ধনপুর | ২১,০৬,৪৬২/২০ |
| বাদাঘাট (দঃ) | ১৫,২২,৫২৮/২৮ |
| ফতেপুর | ১৫,৬২,০২৪/৬৪ |
| মোট= | ১,১৩,১৬,৬৪৭/- |

শর্তসমূহঃ

১. এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
২. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় মসজিদ, মন্দির রক্ষণাবেক্ষণ উন্নয়ন প্রকল্পে ইমাম/পুরোহিতকে পিআইসি'র সভাপতি করতে হবে।
৩. প্রি-ওয়ার্ক মেজারমেন্ট/প্রাক্কলন (কেবলমাত্র মাটির কাজের জন্য) ব্যতীত প্রকল্পের সম্পদ ছাড় করা যাবে না, প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা, যাতে কর্মত্তোর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়; প্রতিটি প্রকল্পে বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে;
৪. নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৫. মাটির কাজের প্রকল্পের অংশ হিসাবে প্রয়োজনে CC (সিমেন্ট কংক্রিট) রোড করণের জন্য প্রকল্প গ্রহণ করা যাবে।

০৪/০৯/২৫
(মেরিনা দেবনাথ)
উপজেলা নির্বাহী অফিসার
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

চেয়ারম্যান (সকল).................................ইউপি
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

Bishwamvarpur Sylhet Division 10 Sept 2025, 11:54

CamScanner

স্মারক নং-৫১.০১.৯০১৮.০০০.৪২.০০৬.২৫- ৫৮৮ তারিখ: ০৪/০৯/২০২৫ খ্রি:

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :**

০১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০২। প্রশাসক, উপজেলা পরিষদ, বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।
০৩। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সুনামগঞ্জ।
০৪। অফিস কপি।

০৪-০৯-২০২৫
(মোঃ আবু হাসনাত সরকার)
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (অ:দা:)
বিশ্বম্ভরপুর, সুনামগঞ্জ।

Bishwamvarpur Sylhet Division 10 Sept 2025, 11:55

CamScanner